


যুগান্তর

এসএসসির ফরম পূরণে বেশি ফি নিলে এমপিও বাতিল

-শিক্ষা সচিব

প্রকাশ : ২৩ নভেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



এসএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায় করলে চিহ্নিত প্রতিষ্ঠানের এমপিও বাতিল করা হবে। অপরাধের ধরন অনুযায়ী কেড়ে নেয়া হবে প্রতিষ্ঠানের স্বীকৃতি। দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ধারাবাহিকভাবে বোর্ড নির্ধারিত হারের তুলনায় বেশি অর্থ আদায়ের অভিযোগ ওঠার পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন এ ঘোষণা দেন। দুদকের সততা স্টোরের কার্যক্রম উদ্বোধন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বৃহস্পতিবার এসব কথা বলেন শিক্ষা সচিব।

এদিকে ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ তদন্তে ১১টি কমিটি কমিটি মাধ্যমিক উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি)। এসব কমিটি জড়িত শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে চিহ্নিত করে অতিরিক্ত ফি ফেরত দেয়ার ব্যবস্থা নেবে। তদন্ত কমিটিগুলোকে আগামী পাঁচ দিনের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

রাজধানীর মিরপুর অঞ্চলের শিক্ষা প্রতিষ্ঠান তদন্তের জন্য মাউশির উপপরিচালক (এইচআরএম) নাসির উদ্দিনকে প্রধান করে একটি কমিটি করা হয়। বৃহত্তর খিলগাঁও-রামপুরা অঞ্চলের জন্য উপপরিচালক (বিশেষ) সৈয়দ মঈনুল হোসেনের নেতৃত্বে কমিটি, বৃহত্তর তেজগাঁও অঞ্চলের জন্য শহীদ মনু মিঞা সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক গৌরচন্দ্র মণ্ডল, বৃহত্তর লালবাগ অঞ্চলে মাউশির সহকারী পরিচালক (মাধ্যমিক উইং) সবুজ আলম, উত্তরা-খিলক্ষেত অঞ্চলে আইন কর্মকর্তা আবুল কাশেম, রমনা-মতিঝিল অঞ্চলের জন্য গভ. ল্যাবরেটরি হাই স্কুলের প্রধান শিক্ষক আবদুল খালেকের নেতৃত্বে কমিটি কাজ করবে। মোহাম্মদপুর-শেরেবাংলা নগর অঞ্চলে শেরেবাংলা নগর সরকারি বালক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শফিকুর রহমান, কোতোয়ালি-সূত্রাপুর অঞ্চলে নবাবপুর সরকারি বালক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রেবেকা সুলতানা, ধানমন্ডি অঞ্চলে মাউশির সহকারী পরিচালক (শা. শি.) আবদুস সালাম, গুলশান-বনানী অঞ্চলে মাউশির সহকারী পরিচালক (শা. শি.) মাজাহারুল হক মাসুদ এবং ডেমরা-যাত্রাবাড়ী অঞ্চলে আইন কর্মকর্তা সাইফুল ইসলামের কমিটি কাজ করবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।